

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৪৫-আইন/২০২৩/২২২-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালায়-

(১) বিধি ৩ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(খ) একাধিক উৎপাদনস্থল থাকিলে উক্ত ব্যক্তি, যেই স্থানে কেন্দ্রীয়ভাবে হিসাব-নিকাশ সংরক্ষিত থাকিবে সেই স্থানে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিবেন; এবং”

(খ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ী বা সেবা সরবরাহকারী যেই স্থানে কেন্দ্রীয়ভাবে হিসাব-নিকাশ সংরক্ষিত থাকিবে সেই স্থানের অনুকূলে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করিবেন।”; এবং

(২) বিধি ৪ এর উপ-বিধি (৩ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩ক) যদি কোনো প্রতিষ্ঠানের উৎপাদন ইউনিট এবং নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয় কেন্দ্র বা ডিপো বা ওয়ারহাউস কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হয় এবং উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন ইউনিটে মূসক অব্যাহতিপ্রাপ্ত কোনো পণ্য উৎপাদন করা হয় কিন্তু ব্যবসায়ী পর্যায়ে উক্ত পণ্য মূসক অব্যাহতিপ্রাপ্ত না হয়, তবে উক্ত ক্ষেত্রে শুধুমাত্র নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিক্রয় কেন্দ্র হইতে পণ্য সরবরাহের সময় উক্ত নিবন্ধনের বিপরীতে ব্যবসায়ী পর্যায়ের প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)